গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন হেডকোয়ার্টার্স
বাড়ী নং- ১৬, রোড নং- ০৪, ধানমন্ডি, ঢাকা- ১২০৫

স্মারক নং-পিবিআই/বেস্ট প্র্যাকটিস/২০২২/ ৬৫৭৭ তারিখ- ০৪/১১/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ উত্তম চর্চার (বেস্ট প্র্যাকটিস) তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ পুঃ হেঃ কোঃ ঢাকার স্মারক নং-৪৪.০০.০০০০.৯৭৮.০৫.০১০.২০২৩/৭৬৮, তারিখ- ৩০/১০/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) এর উত্তম চর্চার (Best Practice) সমূহ (জানুয়ারী/২৩ খ্রিঃ হতে নভেম্বর/২০২৩ খ্রিঃ পর্যন্ত) নিম্নোক্ত ছক মোতাবেক প্রস্তুত করতঃ পরবর্তী কার্যকারী ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

<u>উত্তম চর্চার তালিকা</u>

| ক্রমিক নম্বর | উত্তম চর্চার নাম | সংক্ষিপ্ত বিবরণী | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | নিখোঁজ জিডি অনুসন্ধান | নিখোঁজ জিডি'র তদন্ত পিবিআই এর অন্যতম বেস্ট প্র্যাকটিস। দেশে সকল জেলা/মেট্রোতে নিখোঁজ সংক্রান্তে যে জিডি লিপিবদ্ধ করা হয়, পিবিআই সেগুলোর তথ্য সংগ্রহ করে ঘটনার বিষয়ে তদন্ত করে। সাফল্যের সাথে নিখোঁজ জিডির তদন্তে পিবিআই যশোর জেলা ইউনিট কঙ্কালের সন্ধান পায় এবং তার ডিএনএ পরীক্ষার মাধ্যমে পরিচয় সনাক্তকরণ সহ ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় আনতে সক্ষম হয় যা পিবিআই এর একটি বড় সাফল্য। | |
| ২. | সিআর মামলার ভিকটিম উদ্ধার | ভিকটিম উদ্ধার পিবিআই এর অন্যতম বেস্ট প্র্যাকটিস। নারী ও শিশু নির্যাতন দমন আইনের আওতায় আদালতে দায়েরকৃত সিআর মামলায় পিবিআই তথ্য-প্রযুক্তি ও এনালগ মাধ্যম অবলম্বনে সাফল্যের সাথে ৫৭৭ জন ভিকটিম উদ্ধার করেছে। সিআর মামলায় ভিকটিম উদ্ধারে পিবিআই পথিকৃৎ। | |
| ৩. | আদালতে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন | পাওয়ারপয়েন্ট এর মাধ্যমে মামলার পুরো ঘটনা ২/৩ মিনিটে চিত্রায়িত করা পিবিআই এর অন্যতম ইনোভেশন। ইতোমধ্যে ৩০ বছরের পুরানো সগিরা মোর্শেদ এবং ফেনীর নুসরাত রাফি হত্যা মামলার সার সংক্ষেপ পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে আদালতে উপস্থাপন করে ব্যাপক প্রশংসা পেয়েছে পিবিআই। | |
| ৪. | ডকেটের সূচিপত্র প্রস্তুত ও সংরক্ষণ | মামলা ডকেটের ডকুমেন্ট হারানো রোধে সূচিপত্র তৈরী করা পিবিআই এর অন্যতম ইনোভেশন। পিবিআই প্রতিটি মামলার সূচিপত্র তৈরীর মাধ্যমে আদালতে ডকেট প্রেরণ করে থাকে। এতে ডকেট থেকে কোন পৃষ্ঠা হারিয়ে যাওয়ার সুযোগ থাকে না। | |

০৪/১১/২০২৩
(কাজী আখতার উল আলম)
বিপি-৭৯০৬১১৩৬০৩
বিশেষ পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)
পক্ষে/অ্যাডিশনাল আইজিপি
পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)
হেডকোয়ার্টার্স
ধানমন্ডি, ঢাকা।
☎ ০২-৯৬১৫৭২১ 📠 ০২-৯৬১৫৭৪৩
e-mail: sspa_f.pbi@police.gov.bd

কার্যার্থেঃ

অ্যাডিশনাল ডিআইজি
(আর,আই অ্যান্ড বিপি)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

CamScanner